দৈনিক ইনকিলাব

তারিখ ...14. JAN. 1998 ... ...
পৃষ্ঠা ৮০ কলাম .. ৭......

প্রাক্তন ছাত্রছাত্রী পুনর্মিলনী অনুষ্ঠানে চঃ বিঃ ভিসি

# বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে প্রাক্তন ছাত্র ছাত্রীদের সহযোগিতা কামনা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আবদুল মান্নান বিশ্ববিদ্যালয়কে জ্ঞান চর্চার পাদপীঠ হিসেবে আখ্যায়িত করে এর সার্বিক উন্নয়নে প্রাক্তন ছাত্রছাত্রীদেরও সহযোগিতা কামনা করেছেন। তিনি গত ২৬ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্রছাত্রীদের সংগঠন 'স্নাতকোত্তর' '৭৬ প্রাক্তন ছাত্রছাত্রী সমিতির পুনর্মিলিনীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছিলেন। বিশ্ববিদ্যালয়ের গণিত ও ভৌত-বিজ্ঞান গবেষণা কেন্দ্র মিলনায়তনে সমিতির সভাপতি জনাব আমিনুর রশীদ কাদেরীর সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দৈনিক আজাদী সম্পাদক অধ্যাপক মোহাম্মদ খালেদ ও বাণিজ্য অনুষদের ডীন প্রফেসর মোঃ ফসিউল আলম। প্রায় বিশ বছর আগে বিশ্ববিদ্যালয় থেকে পাস করা ছাত্রছাত্রীদের এ অনুষ্ঠানে ভিসি প্রফেসর মান্নান বলেন, গত বিশ বছরে বিশ্ববিদ্যালয়ের ভৌত কাঠামোতে যেমন পরিবর্তন সাধিত হয়েছে, তেমনি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মানসিকতা ও মূল্যবোধেও নানা পরিবর্তন সাধিত হয়েছে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের পবিত্র অঙ্গনে অধিকাংশ ছাত্রছাত্রীই শিক্ষার সার্বিক পরিবেশ উন্নয়নের পক্ষে।

### প্রকাশনা উৎসব

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ফাইন্যান্স বিভাগে প্রফেসর ডঃ কাজী আহমদ নবী রচিত "গ্রামীণ ব্যাংক মডেল এন্ড ইটস রেপ্লিকেশন ইন দ্যা ইউএসএ" শীর্ষক পুস্তকের উপর এক প্রকাশনা উৎসব অনুষ্ঠিত হয়। প্রফেসর এ জে এম নূরুদ্দিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভিসি প্রফেসর আবদুল মান্নান এবং বিশেষ অতিথি ছিলেন বাণিজ্য অনুষদের ডীন প্রফেসর মোঃ ফসিউল আলম এবং আইন অনুষদের সম্মানীত ডীন প্রফেসর ডঃ মোঃ শাহ আলম। নির্ধারিত আলোচক ছিলেন অর্থনীতি বিভাগের অধ্যাপক ডঃ মাহফুজুল হক এবং ফাইন্যান্স বিভাগের অধ্যাপক ডঃ মোঃ লোকমান। সমগ্র অনুষ্ঠানটি অত্যন্ত দক্ষতার সাথে পরিচালনা করেন ফাইন্যান্স বিভাগের শিক্ষক জনাব নছরুল কদির। প্রেস বিজ্ঞপ্তি